বিএনপির নির্বাচনী প্রোগ্রামগুলোতে নারী জাগরণ শুরু হয়েছে : মির্জা ফখরুল

ঠাকুরগাঁও:: বিএনপির নির্বাচনী কর্মসূচিতে নারীদের ব্যাপক অংশগ্রহণ ও রাজনৈতিক সচেতনতা বৃদ্ধির কথা তুলে ধরে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বিএনপির নির্বাচনী প্রোগ্রামগুলোতে নারী জাগরণ শুরু হয়েছে। তিনি বলেন, এটা আমাদের জন্য আনন্দের বিষয়। আমাদের মা-বোনেরা এখন অনেক বেশি সজাগ ও সচেতন হয়েছেন। বর্তমান দেশের জনসংখ্যার হিসাব অনুযায়ী দেখা যাচ্ছে, নারীর সংখ্যা এখন পুরুষদের তুলনায় বেশি। আমাদের ঠাকুরগাঁও জেলাতেও পুরুষের চেয়ে নারীর সংখ্যা বেশি। সোমবার বিকেলে ঠাকুরগাঁও সদর উপজেলার জামালপুর ইউনিয়নের শিবগঞ্জ পারপুগী বিটবাজারে আয়োজিত এক নির্বাচনী পথসভায় তিনি এসব কথা বলেন।

এ সময় নেতাকর্মীদের উদ্দেশে সতর্কবার্তা দিয়ে তিনি বলেন, অতএব ভাইয়েরা সাবধান, ভালোভাবে কাজ করতে হবে। নারীদের এই জাগরণ ও অংশগ্রহণকে সম্মান জানিয়ে সবাইকে দায়িত্বশীলভাবে মাঠে কাজ করতে হবে। পথসভায় স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীসহ বিপুল সংখ্যক নারী ভোটারের উপস্থিতি লক্ষ্য করা যায়। সভা ঘিরে এলাকায় ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি হয়।
মির্জা ফখরুল বলেন, আপনাদের এখানে আমি পরিচিত। আগেও নির্বাচন করেছে ১৯৯১ সাল থেকে আমি নির্বাচন করছি। এবং এখন পর্যন্ত আমি কিন্তু আপনাদেরকে ছেড়ে কখনো যাইনি। হারি জিতি আমি কিন্তু নির্বাচন করেছি।

এবার আবার আসছি এবার আবার একটু নতুন পরিস্থিতি। এবার আমাদের সামনে আওয়ামী লীগ নাই। এ কথা বলতেই উপস্থিত জনতা না-সূচক মন্তব্য করেন। তখন মির্জা ফখরুল বলেন, ‘ওই নৌকা না থাকাতে এখন আসছে একটা দাপিাল্লা। জামায়াতি ইসলাম তাই না?’ উপস্থিত সবাই আবারও হ্যাঁ- সূচক মন্তব্য করলে তিনি বলেন, ‘জামায়াতি ইসলামকে কখনো আপনারা আগে দেখেছেন?’ তখন আবারও না-সূচক মন্তব্য আসলে মির্জা ফখরুল বলেন, ‘নতুন আসছে তাই না? নতুন আসছে এখন একটু শিখুক, মানুষের কাছে যাক। আমরা তো বহুকাল ধরে আপনাদের সঙ্গে কাজ করতেছি।